



বাংলাদেশ নারী ফুটবল দলকে রাতে সংবর্ধনা দেবে বাফুফে



বাংলাদেশ নারী ফুটবল দল: সংগৃহীত ছবি

প্রথমবারের মতো এএফসি নারী এশিয়ান কাপের মূল পর্বে জায়গা করে নিয়েছে বাংলাদেশের নারী ফুটবল দল। এই ঐতিহাসিক সাফল্যের পর আজ (রবিবার) দিবাগত রাতেই দেশে ফিরছে লাল-সবুজের বাঘিনীরা। আর তাদের দেশে ফেরার পরপরই সংবর্ধনা দেবে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)।

জানা গেছে, রাত দেড়টার দিকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবে নারী ফুটবল দল। সেখান থেকে সরাসরি তাদের নিয়ে যাওয়া হবে রাজধানীর হাতিরঝিল আশ্ফিথিয়েটারে। রাত আড়াইটায় সেখানে শুরু হবে বাফুফের পক্ষ থেকে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠান।

গতকাল শনিবার বাছাই পর্বের শেষ ম্যাচে তুর্কমেনিস্তানকে ৭-০ গোলে উড়িয়ে দেয় ঋতুপর্ণা-মনিকারা। যদিও এই ম্যাচ ছিল কেবল আনুষ্ঠানিকতা, কারণ এর আগেই মিয়ানমারকে হারিয়ে বাংলাদেশ নিশ্চিত করেছিল এশিয়ান কাপের মূল পর্বে খেলার টিকিট।

বাফুফে সূত্রে জানা গেছে, সোমবার (৭ জুলাই) সকালেই ভুটানে লীগের ম্যাচ খেলতে রওনা দেবেন দলের দুই গুরুত্বপূর্ণ খেলোয়াড় ঋতুপর্ণা চাকমা ও মনিকা চাকমা। তাই দেরি না করে রাতেই সংবর্ধনার আয়োজন করা হয়েছে।